গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
সিপিপি প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

বিষয়: 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ কামরুল হাসান এনডিসি
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
তারিখ : ২০-০২-২০২২ খ্রি:
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-১০৪)

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কমিটির সভাপতি জনাব মোমেনা খাতুন, যুগ্মসচিব মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত গত ২০২০-২০২১ অর্থ বছরের এ মন্ত্রণালয়ের মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। প্রতিবেদনমতে এ মন্ত্রণালয়ের অবস্থান ১১তম এবং অর্জিত স্কোর ৮০.২৪। এছাড়া তিনি পরিবর্তিত শুদ্ধাচার পুরস্কার নীতিমালা পাঠ করে শুনান। এ পর্যায়ে সভাপতি মন্ত্রণালয়ের অর্জনে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত শুদ্ধাচার কার্যক্রম মূল্যায়ন করে প্রতিবেদন দিতে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর সভায় মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির ২০২১-২০২২ এর কর্ম পরিকল্পনার বিভিন্ন লক্ষ্যমাত্রা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.৫ কর্ম-পরিবেশ (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি। | মন্ত্রণালয়ের সেবা শাখা কর্তৃক উল্লিখিত কার্যক্রমগুলি বাস্তবায়িত হয়ে আসছে জানিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয় যা নিম্নরূপ: | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা'র এর পূরণে মন্ত্রণালয়ের ১.৫ এর কার্যক্রমগুলো বাস্তবায়নে যুগ্মসচিব/উপসচিব (সেবা) যথাযথ ব্যবস্থা নিবেন। |
| ১.৫.১ মন্ত্রণালয়ের পুরানো/অকেজো আসবাবপত্র/মালামাল বিনষ্টকরণ | কমিটির মাধ্যমে বিনষ্টযোগ্য মালামালের তালিকা করে তা নিলামকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। ইতোমধ্যে কিছু মালামাল নিলাম করা হয়েছে মর্মে উপসচিব (সেবা) সভাকে জানান। | |
| ১.৫.২ মন্ত্রণালয়ের কমন শৌচাগারসমুহ নিয়মিত পরিস্কারকরণ | একজন পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ, তার নাম মোবাইল নম্বর শৌচাগারের দরজায় সাটানো, দিনে অন্তত তিনবার শৌচাগার সমুহ পরিস্কারকরণ, প্রতিবার কাজ শেষ করে রেজিস্টারে সাক্ষরকরণ - এরুপ বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে মর্মে উপসচিব (সেবা) সভাকে জানান। | |
| ১.৫.৩ মন্ত্রণালয়ের প্রশাসন শাখায় ওয়ার্কস্টেশন স্থাপন | টেন্ডারের মাধ্যমে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের অথবা গণপুর্তের মাধ্যমে ওয়ার্কস্টেশন স্থাপন করা বিষয়ে সভায় আলোচনা হয়। | |
| ১.৫.৪ মন্ত্রণালয়ের সকল কম্পিউটার নিয়মিত মেরামত/সার্ভিসিং করণ। | অর্থ বছরের শুরুতেই কম্পিউটার সার্ভিসিং সেবার জন্য টেন্ডার আহবান ও নির্বাচিত প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ সম্পাদনের বিষয়ে আলোচনা হয়। | |
| ৩.২ সকল পিআইওদের তথ্য সম্বলিত ডাটাবেইজ তৈরি। | সকল পিআইওদের তথ্য সম্বলিত ডাটাবেইজ তৈরির বিষয়ে আলোচনা হয়। | সকল পিআইওদের তথ্য সম্বলিত ডাটাবেইজ তৈরির বিষয়ে উপসচিব (প্রশাসন) নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং তার হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করবেন। |
| ৩.৩ অডিট আপত্তি নিষ্পত্তির | অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির | উপসচিব (অডিট) ডাটাবেইজ হালনাগাদকরণের |

| কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- | --- |
| সংখ্যা বৃদ্ধির মাধ্যমে ডাটাবেইজ হালনাগাদকরণের পাশাপাশি অডিট কার্যক্রমে গতিশীলতা আনয়ন। | মাধ্যমে ডাটাবেইজ হালনাগাদকরণের পাশাপাশি অডিট কার্যক্রম মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়। | পাশাপাশি অডিট কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং শুদ্ধাচার সংক্রান্ত রিপোর্ট মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করবেন। |
| ৩.৪ মন্ত্রণালয়ের ১৫% ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদন | মন্ত্রণালয়ের ১৫% ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর টার্গেট পূরণে অর্থাৎ ১৫% ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদনের বিষয়ে উপসচিব (সেবা) যথাযথ ব্যবস্থা নেবেন এবং তার হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করবেন। |
| ৩.৫ ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলার ব্রিজ কালভার্ট প্রকল্পের দরপত্রের শিডিউল অনলাইনে বিক্রয় | মেহেরপুর জেলা ও মুন্সীগঞ্জ জেলার টংগীবাড়ী উপজেলা '১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ' প্রকল্পের শিডিউল বিক্রির টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমাকরণ বিষয়ে আলোচনা করা হয়। | ৩.৫ এর কাজ দ্রুত বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক, উপসচিব (ত্রাণ-১) এবং উপসচিব (আইন ও ত্রাণ প্রশাসন-২) নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং এতদসংক্রান্ত হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করবেন। |

২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/02/2022

(মোঃ কামরুল হাসান এনডিসি)
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রণালয়

স্মারক নং- ৫১.০০.০০০০.৩১০.০৪.০২৬.২১- ৩৮

তারিখ: ১৯ ফাল্গুন, ১৪২৮
~~২১ ফেব্রুয়ারি, ২০২২~~ 03 মার্চ, 2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রি পরিষদ বিভাগ, কক্ষ নম্বরঃ ১১৯, ভবন নম্বর-০১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল),দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৬৮৪-৬৮৬ বড় মগবাজার, ঢাকা।
৬। যুগ্মসচিব (সেবা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
৮। উপসচিব (সেবা/অডিট/ত্রাণ-১/আইন ও ত্রাণ প্রশাসন-২), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটিসেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড এর অনুরোধসহ)।

২৬/০৩/2022

(মোছাঃ সুস্মিতা ইসলাম)
উপ সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়